

জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জামালপুর-২০১২, বাংলাদেশ
ওয়েব: www.jstu.ac.bd

স্মারক নং: ৩৭.০১.০০৪৪.০৫৫.৯৯.০০৩.২৫.১৮-৪

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩১
২৪ ফেব্রুয়ারি ২০২৫

লোগো আহ্বান বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, মুদ্রণ ও প্রকাশনা শাখা কর্তৃক ২৯ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ/১২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে প্রকাশিত গেজেট এর অধ্যাদেশ নং ০৫, ২০২৫ (বিশ্ববিদ্যালয় সংক্রান্ত কতিপয় আইন সংশোধনকল্পে প্রণীত অধ্যাদেশ)-এর ৬ নং অনুচ্ছেদ মোতাবেক অত্র বিশ্ববিদ্যালয়ের নাম পরিবর্তন করা হয়েছে। এর পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের নতুন লোগো/এমরেম (প্রতীক) প্রস্তুতের আবশ্যিকতা দেখা দিয়েছে। এমতাবস্থায়, লোগো প্রণয়ন বিষয়ে আয়োজিত এক জরুরি সভার সিদ্ধান্ত অনুযায়ী দাপ্তরিক লোগো/প্রতীক ব্যবহারের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করে অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের নিকট হতে একটি আধুনিক ও সর্বজনগ্রহণ এবং আন্তর্জাতিকমানের লোগো আহ্বান করা হচ্ছে।

লোগোর বিষয়/টপিক/থিম নিম্নরূপ-

- ০১। শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি;
- ০২। ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি;
- ০৩। কৃষি ও শিল্প।

শর্তাবলী:


- ❖ আগামী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে লোগো ডিজাইনসহ সুচিন্তিত মতামত প্রদানের জন্য অনুরোধ জানানো হলো;
- ❖ সফট কপি জমা দেওয়ার ক্ষেত্রে ই-মেইল (info@jstu.ac.bd/registrar@jstu.ac.bd) বা পেনড্রাইভ প্রাথমিকভাবে JPEG বা PNG ফরমেটে জমা দিতে হবে (সাইজ সর্বোচ্চ ১ মেগাবাইট);
- ❖ লোগোর কনসেপ্ট এবং ডিজাইন স্টেটমেন্ট সর্বোচ্চ ৩০০ (তিনশত) শব্দে লিখে সংযুক্তি আকারে জমা দিতে হবে;
- ❖ অংশগ্রহণকারী ব্যক্তির নাম, ঠিকানা, ই-মেইল এবং ফোন নম্বর উল্লেখ করতে হবে;
- ❖ লোগোর হার্ড কপি এ সংক্রান্ত কমিটির আহ্বায়ক (মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর, জাবিপ্রবি) বরাবরে জমা দিতে হবে;
- ❖ প্রস্তাবিত লোগোটি অন্য কোনো প্রকাশিত লোগোর অনুকরণ বা অনুসরণ করে করা হয়নি-মর্মে একক স্বত্বাধিকারী প্রত্যয়নপত্র সংযুক্তি আকারে জমা দিতে হবে;
- ❖ একজন ব্যক্তি কেবল একটি লোগো ডিজাইন করে জমা দিতে পারবেন;
- ❖ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

প্রাপ্ত লোগোসমূহ হতে নির্বাচিত লোগোটি থেকে কোর কমিটি/জুরি বোর্ডের সুপারিশের ভিত্তিতে প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে (যদি থাকে) 'জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়' এর অফিসিয়াল লোগো হিসেবে ব্যবহার করা হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

বিতরণ:

সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারী
সকাল বিভাগ, দপ্তর/শাখা, জাবিপ্রবি


(মোহাম্মদ নূর হোসেন চৌধুরী)
রেজিস্ট্রার

ফোন: +৮৮০২২২৩৩৭৭৫০৩

জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জামালপুর-২০১২, বাংলাদেশ


ওয়েব: www.jstu.ac.bd

স্মারক নং: ৩৭.০১.০০৪৪.০৫৫.৯৯.০০৩.২৫.১৮৪

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩১
২৪ ফেব্রুয়ারি ২০২৫

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. চেয়ারম্যান, সিএসই/ইইই/গণিত/ফিশারিজ/ব্যবস্থাপনা/সমাজকর্ম/জিওলজি বিভাগ, জাবিপ্রবি;
(আপনার বিভাগের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য অনুরোধ করা হলো)
২. প্রভোস্ট (ভারপ্রাপ্ত), মির্জা আজম হল/ নূরুন্নাহার বেগম হল, জাবিপ্রবি;
৩. প্রক্টর (ভারপ্রাপ্ত), প্রক্টর কার্যালয়, জাবিপ্রবি;
৪. পরিচালক (ভারপ্রাপ্ত), ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তর, জাবিপ্রবি;
৫. দপ্তর/শাখা প্রধান (সকল), জাবিপ্রবি; (আপনার বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য অনুরোধ করা হলো)
৬. পিএস টু ভিসি (অ.দা.), ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাবিপ্রবি; (মাননীয় ভাইস-চ্যান্সেলরের সদয় অবগতির জন্য);
৭. ব্যক্তিগত সহকারী, প্রো-ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাবিপ্রবি; (মাননীয় প্রো-ভাইস-চ্যান্সেলরের সদয় অবগতির জন্য);
৮. ব্যক্তিগত সহকারী, রেজিস্ট্রার দপ্তর, জাবিপ্রবি;
৯. নথি/মহানথি।


২৪/০২/২৫

(এস. এম. আহসান হাবিব)
ডেপুটি রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
রেজিস্ট্রার দপ্তর